

মুখতাসার সহীহ আল-বুখারী

হাদিস নম্বরঃ ৪১১ [আন্তর্জাতিক নম্বরঃ ৭০১]

১০. কিতাবুল আযান (كتاب الأذان)

পরিচ্ছেদঃ ইমাম যখন কিরাআত লম্বা করবে তখন কোন মুক্তাদী বিশেষ প্রয়োজনে নামায ছেড়ে দিয়ে একা নামায পড়ে নিলে তা জায়েয হবে

بَابُ إِذَا طَوَّلَ الْإِمَامُ وَكَانَ لِلرَّجُلِ حَاجَةٌ فَخَرَجَ فَصَلَّى

আরবী

عَنْ جَابِرِ بْنِ عَبْدِ اللَّهِ رَضِيَ اللَّهُ عَنْهُمَا: أَنَّ مُعَاذَ بْنَ جَبَلٍ كَانَ يُصَلِّي مَعَ النَّبِيِّ ، ثُمَّ يَرْجِعُ فَيَوْمُ قَوْمِهِ ، فَصَلَّى الْعِشَاءَ ، فَقَرَأَ بِالْبَقْرَةِ ، فَانصَرَفَ رَجُلٌ ، فَكَانَ مُعَاذًا تَنَاولَ مِنْهُ ، فَبَلَغَ النَّبِيَّ فَقَالَ فَتَانٌ ، فَتَانٌ ، فَتَانٌ . ثَلَاثَ مِرَارٍ أَوْ قَالَ فَاتِنًا ، فَاتِنًا ، فَاتِنًا . وَأَمْرَهُ بِسُورَتَيْنِ مِنْ أَوْسَطِ الْمَفْصَلِ

বাংলা

৪১১) জাবের বিন আব্দুল্লাহ (রাঃ) হতে বর্ণিত, তিনি বলেনঃ মুআয বিন জাবাল (রাঃ) রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের সাথে ইশার নামায আদায় করে তাঁর গোত্রের লোকদের কাছে এসে পুনরায় তাদের ইমামতি করতেন। একদা তিনি ইশার নামাযে সূরা বাকারা শুরু করে দিলেন। এতে এক ব্যক্তি বিরক্ত হয়ে জামাআত ছেড়ে দিয়ে একা নামায পড়ে নিল। মুআয (রাঃ) লোকটি সম্পর্কে খারাপ মন্তব্য করলেন। (অন্য বর্ণনায় এসেছে তিনি তাকে মুনাফেক হিসাবে আখ্যায়িত করলেন) নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের কাছে এ সংবাদ পৌঁছলে তিনি মুআযকে লক্ষ্য করে তিনবার বললেনঃ তুমি ফিতনা সৃষ্টিকারী। অতঃপর নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তাঁকে আওসাতে মুফাস্সাল থেকে দু'টি সূরা পাঠ করতে বললেন।

টিকাঃ এ হাদীছ থেকে জানা গেল যে, নফল আদায়কারী ইমামের পিছনে ফরয নামাযের ইজ্তেদা করা জায়েয। সূরা তাকবীর থেকে সূরা যুহা পর্যন্ত সূরাগুলোকে আওসাতে মুফাস্সাল তথা নাতি দীর্ঘ সূরা বলা হয়।

English

If the Imam prolongs the Salat (prayer) and somebody has an urgent work or need and so he leaves the congregation and offers Salat alone.

Narrated Jabir bin `Abdullah:

He said, "Mu`adh bin Jabal used to pray with the Prophet (ﷺ) and then go to lead his people in prayer. Once he led the `Isha' prayer and recited Surat "Al-Baqara." Somebody left the prayer and Mu`adh criticized him. The news reached the Prophet (ﷺ) and he said to Mu`adh, 'You are putting the people to trial,' and repeated it thrice (or said something similar) and ordered him to recite two medium Suras of Mufassal." (`Amr said that he had forgotten the names of those Suras).

হাদিসের মান: সহীহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আলোকিত প্রকাশনী □ বর্ণনাকারীঃ জাবির ইবনু আবদুল্লাহ আনসারী (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=89709>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন